দৈনিক খবর

তারিখ 22 MAY 1990
পৃষ্ঠা ১ ... ৭

472

# পরীক্ষা কেন্দ্রে জোর করে ঢোকার চেষ্টা।। গুলী ঃ নিহত ১

।। স্টাফ রিপোর্টার ।।

চট্টগ্রাম, ২১শে মে।- বাংলাদেশ ইনস্টিটিউট অব টেকনোলজি (বিআইটি) এসএসসি পরীক্ষা উপকেন্দ্র এলাকায় আজ পুলিশের গুলীতে শ্যামল কুমার দত্ত নামে একজন ছাত্র নিহত এবং অপর

৭-এর পাতায় দেখুন

## পরীক্ষা কেন্দ্রে

প্রথম পৃষ্ঠার পর

কয়েকজন আহত হয়েছে।

ঘটনার বিবরণে প্রকাশ, আজ বেলা পৌনে একটার দিকে একদল যুবক জোরপূর্বক পরীক্ষা কেন্দ্রে প্রবেশের চেষ্টা করে। পুলিশ বাধা দিলে তারা মারমুখী হয়ে ওঠে। এতে পরিস্থিতির দ্রুত অবনতি ঘটে। একপর্যায়ে পুলিশ গুলী চালায়। এতে শ্যামল কুমার দত্ত (২২) নামে একজন যুবক মারা যায়। এছাড়া কয়েকজন আহত হয়। তাদের মধ্যে গুলীবিদ্ধ একজনকে চট্টগ্রাম মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। তার অবস্থা আশংকাজনক বলে হাসপাতাল সূত্রে জানা গেছে। নিহত শ্যামল কুমার দত্ত চট্টগ্রাম সরকারী বাণিজ্য কলেজের ছাত্র। নগরীর অভয়মিত্র ঘাটে তাদের বাসা। জানা গেছে, শ্যামল তার ফুফাতো বোনকে নিয়ে সেখানে গিয়েছিলেন। তার ফুফাতো বোন পরীক্ষার্থিনী। ঘটনার সময় তিনি একটি চায়ের দোকানে ছিলেন এবং সেখানে গুলীবিদ্ধ হন। ছেলের মৃত্যু সংবাদে তার মা অজ্ঞান হয়ে পড়েছেন। রাতে এ রিপোর্ট পাঠানো পর্যন্ত তার জ্ঞান ফেরেনি। শ্যামল দত্তের লাশ ময়না তদন্তের জন্যে মর্গে পাঠানো হয়েছে।

এই ঘটনার ব্যাপারে পুলিশ প্রশাসনের কোন বক্তব্য জানা যায়নি। পুলিশ সুপার এবং অতিরিক্ত পুলিশ সুপারের সাথে টেলিফোনে যোগাযোগের কয়েক দফা চেষ্টা ব্যর্থ হয়।

### আরো ১ জন নিহত

আজ দুপুরে একদল সশস্ত্র দুর্বৃত্ত বন্দর ভবনের কাছে একটি ট্রাক থেকে মালামাল লুটকালে পুলিশ বাধা দেয়। এতে দুর্বৃত্তরা ছুরি, চেইন ইত্যাদি নিয়ে বন্দর জোনের পিআইকে ঘেরাও করে ফেলে। এই পর্যায়ে উভয় পক্ষের মধ্যে হাতাহাতি হয়। পুলিশের সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে, পরিস্থিতি গুরুতর বিবেচনা করে এবং সরকারী সম্পত্তি ও জানমালের নিরাপত্তার সব উপায় ব্যর্থ হওয়ায় বন্দর জোনের পিআই আবুল খায়ের রিভলবার থেকে গুলীবর্ষণ করেন। এতে লাবলু মিয়া (পিতা আব্দুস সাত্তার, থানা ও জেলা-গাইবান্ধা) আহত হয় এবং পরে হাসপাতালে মারা যায়। থানায় এ ব্যাপারে মামলা দায়ের করা হয়েছে।